



Tel : CNA 0351-51001  
Ctg : 613567, 618315, 612640, 619510, 619554  
PABX Ctg. 616865-8  
Fax : 0351-51001, 880-31-612833  
E-mail : [kpm1953.ctg@gmail.com](mailto:kpm1953.ctg@gmail.com)



মুজিববর্ষের দর্শন  
টেকসই শিল্পায়ন

মুজিব বর্ষের অঙ্গীকার:  
"সর্বোচ্চ দক্ষতার নিয়ম মেনে কাজ করবো,  
অন্যায় করবো না, অন্যায় হতে দেবো না।"

কর্ণফুলী পেপার মিলস্ লিমিটেড

KARNAPHULI PAPER MILLS LIMITED  
(An Enterprise of Bangladesh Chemical Industries Corporation)

Post - Chandraghona 4531, Rangamati Hill Dist, Bangladesh.

সূত্র নং- ৩৬.০১.৮৪৩৬.৭০৭.১৮.(০.০৬).২২/ ৭০২

তারিখ : ২৬.০৪.২০২২ খ্রি.

"রেজিস্টার উইথ এ/ডি ফেরতসহ"

জনাব মোঃ ছালেহ আহম্মদ মাস্টার টেকনিশিয়ান, চাকতি/দল নং- ৫১৬৬/২৭, বিটার হাউজ/অপারেশন, কেপিএম লিঃ ১, মোবাইল নং ০১৭১৫২৫০৫৪৫ ই-মেইল নং-salehahmed2144@gmail.com	স্থায়ী ঠিকানা : জনাব মোঃ ছালেহ আহম্মদ পিতা: হাজী জিতু মিয়া গ্রাম: নিজাম পুর, পোঃ সার কারখানা উপজেলা - ফেঞ্চুগঞ্জ, জেলা: সিলেট।
---	--

বিষয় : কৈফিয়ত তলবসহ চাকরি হতে সাময়িক বরখাস্ত প্রসঙ্গে।

যেহেতু, আপনি জনাব মোঃ ছালেহ আহম্মদ, মাস্টার টেকনিশিয়ান, চাকতি/দল নং-৫১৬৬/২৭, বিটার হাউজ/অপারেশন, কেপিএম লিঃ কারখানায় কর্মরত আছেন। আপনাকে সংস্থার স্বার্থে সংস্থাবীন এসএফসিএল কারখানা হতে কেপিএমলিঃ কারখানায় বদলী করা হয়। আপনি এসএফসিএল হতে গত ১৪-০৩-২০১৯খ্রিঃ ছাড়পত্র গ্রহণের পর ২৭-০৪-২০১৯খ্রি. তারিখ আপনি কেপিএম লিঃ কারখানায় যোগদান করার পর প্রায়শই কর্তৃপক্ষের বিনানুমতিতে কর্মস্থল ত্যাগ করেন। পরবর্তীতে বিভিন্ন কারণ দেখিয়ে ছুটি সমন্বয়ের আবেদন করেন। আপনার এধরণের ছুটি অভ্যাসগত এবং অসদাচরণের সামিল। এধরণের ছুটি কাটানোর অপরাধে আপনাকে ইতোপূর্বে কারখানার চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হয়েছে। আপনি বিনানুমতিতে ছুটি কাটাবেন না মর্মে আবেদন করার পর কর্তৃপক্ষ বিশেষ বিবেচনায় সাময়িক বরখাস্ত প্রত্যাহারসহ কাজে যোগদানের অনুমতি দেয়। তথাপিও আপনি কর্তৃপক্ষের বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি অব্যাহত রেখেছেন। কেপিএম লিঃ এ যোগদানের পর আপনি অভ্যাসগতভাবে বিনানুমতিতে মোট ১০৪৯ দিন কর্মস্থলে অনুপস্থিত থেকেছেন। কর্মস্থলে আপনি মাত্র ৬০ দিন উপস্থিত ছিলেন।

যেহেতু, আপনি গত ১৯-০১-২০২০খ্রি. তারিখে পদত্যাগ পত্র দাখিল করে কর্তৃপক্ষ কোন সিদ্ধান্ত দেয়ার পূর্বেই বিনানুমতিতে কর্মস্থল ত্যাগ করেন এবং গত ২০-০১-২০২০খ্রি. তারিখ হতে ২৪-০৪-২০২১খ্রি. তারিখ পর্যন্ত কর্তৃপক্ষের অনুমোদন ছাড়া বিদেশ (আমেরিকা) ভ্রমণ করেন।

যেহেতু, আপনার এধরণের কর্মকান্ড বাংলাদেশ শ্রম আইন-২০০৬ ধারা (২৩) এর উপধারা (৪) (ঘ) (চ) এবং (জ) ভুক্ত অসদাচরণ গণ্য হওয়ায় কারখানা হতে গত ১৬-১০-২০২১খ্রি. তারিখের সূত্র নং ৩৬.০১.৮৪৩৬. ৭০৭.১৮.(০.০৬).২১/১৬১৫ দ্বারা আপনার বিরুদ্ধে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়। আপনি গত ২১-১০-২০২১খ্রি. তারিখ কারণ দর্শানো নোটিশ এর জবাব দাখিল করেন। জবাব সন্তোষজনক না হওয়ায় কারখানা কর্তৃপক্ষ বাংলাদেশ শ্রম বিধিমালা-২০১৫ এর ধারা (২৯) এর আলোকে আপনার বিরুদ্ধে গত ০৮-১১-২০২১খ্রি. তারিখের সূত্র নং ৩৬.০১.৮৪৩৬.৭০৭.১৮.(০.০৬).২১/১৭৭১ দ্বারা বিভাগীয় তদন্ত কমিটি গঠন করেন।

যেহেতু, বিভাগীয় তদন্ত কমিটির গত ১৭-০১-২০২২খ্রি. তারিখের দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ব্যবস্থাপনা পরিচালক মহোদয় কর্তৃক ০৬-০২-২০২২খ্রি. তারিখে স্বাক্ষরিত হয়। বিভাগীয় তদন্ত কমিটির উক্ত প্রতিবেদনে কর্মস্থলে বিনানুমতিতে অভ্যাসগত অনুপস্থিতি এবং কর্তৃপক্ষের অনুমোদন ব্যতীত বিদেশ (আমেরিকা) ভ্রমণের অভিযোগ প্রতিষ্ঠিত হয়েছে। উল্লেখ্য, এসএফসিএল-এ ও আপনার অতীত চাকরির রেকর্ড সন্তোষজনক নয়। ইতোপূর্বে আপনাকে বার বার কারণ দর্শানো নোটিশ এমনকি সাময়িক বরখাস্ত করা হয়েছিল।

অতএব বর্ণিত প্রেক্ষাপটে আপনার দ্বারা সংঘটিত এহেন কার্যকলাপসমূহ শ্রম আইন অনুযায়ী চরম অসদাচরণ হিসেবে পরিগণিত, যা শাস্তিমোগ্য অপরাধ। সেমতে আপনার বিরুদ্ধে শ্রম আইন ২০০৬ এর ২৩ ধারা মতে অভিযোগ আনীত হলো। তাই সংঘটিত অপরাধের গুরুত্ব বিবেচনা করত: কর্তৃপক্ষ কর্তৃক আপনাকে কৈফিয়ত তলবসহ চাকুরী হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো। অত্র পত্র প্রাপ্তির অনধিক ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে উহার লিখিত জবাব স্বাক্ষর কর্তৃপক্ষের মাধ্যমে দাখিল করার জন্য নির্দেশ দেয়া হলো। নির্ধারিত সময়ের মধ্যে কোন জবাব পাওয়া না গেলে এ বিষয়ে আপনার কোন বলার নেই বলে ধরে নেয়া হবে এবং নিয়মানুযায়ী পরবর্তী প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

আপনার প্রতি জারীকৃত এ আদেশের প্রেক্ষিতে আপনার সাময়িক বরখাস্তকালীন সময়ে আপনি নিয়মানুযায়ী জীবিকা ভাতা প্রাপ্য হবেন।

২৬.৪.২২

মোহাম্মদ ফারুক হোসেন

ব্যবস্থাপক (প্রশাসন)

ব্যবস্থাপনা পরিচালকের পক্ষে

অনুলিপি :

- ০১। কর্মচারী প্রধান, বিসিআইসি, ঢাকা।
- ০২। মহাব্যবস্থাপক (আইসিটি), বিসিআইসি, ঢাকা (ওয়েব সাইটের নোটিশ বোর্ডে প্রকাশের জন্য অনুরোধ করা গেল)।
- ০৩। মহাব্যবস্থাপক (এলএসএ), বিসিআইসি, ঢাকা।
- ০৪। উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন), চেয়ারম্যান সচিবালয়, বিসিআইসি, ঢাকা।
- ০৫। উপ-ব্যবস্থাপক (সমন্বয়), পরিচালক (কারিগরি ও প্রকৌশলী) এর দপ্তর, বিসিআইসি, ঢাকা।
- ০১। ব্যবস্থাপনা পরিচালক, এসএফসিএল, ফেঞ্চুগঞ্জ, সিলেট।
- ০২। মহাব্যবস্থাপক (প্রশাসন), এসএফসিএল, ফেঞ্চুগঞ্জ, সিলেট।
- ০১। উপ-ব্যবস্থাপক (বন), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, কেপিএম লিঃ।
- ০২। মহাব্যবস্থাপক (সকল).....।
- ০৩। সকল নোটিশ বোর্ড।
- ০৪। ব্যক্তিগত নথি।